গাছ লাগান

পরিবেশ বাঁচান

গণপ্রজা তন্ত্রী বাংলাদেশ সরকার

# ১নং ঘোষপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়

ডাকঘর ঃ খামারপাড়া, উপজেলা ঃ বোয়ালমারী,জেলাঃফরিদপুর ।

স্মারক নং ঘোষ:/ইউপি- /২০২৩ তারিখ ঃ ০৫/০৭/২০২৩খ্রিঃ

## ইউনিয়ন মাসিক সভার কার্যবিবরণীঃ

সভার স্থান ঃ ঘোষপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়

সভার তারিখ ঃ ০৫-০৭-২০২৩খ্রিঃ রোজ মঙ্গল বার ।

সময় ঃ সকাল ১০.০০ টা

উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর ঃ

| ক্রমিকনং | উপস্থিত সদস্যদের নাম | পদবী | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | জনাব মোঃ ইমরান হোসেন | ইউ.পি চেয়ারম্যান | সভাপতি | স্বাক্ষরিত |
| ২. | জনাব সাবিনা বেগম | স:ম: সদস্য - ০১ | সদস্য | স্বাক্ষরিত |
| ৩. | জনাব মোছাঃ ফেরদৌসি খানম | স:ম: সদস্য - ০২ | সদস্য | স্বাক্ষরিত |
| ৪. | জনাব মোছা: আয়শা বেগম | স:ম: সদস্য - ০৩ | সদস্য | স্বাক্ষরিত |
| ৫. | জনাব ফুল মিয়া | সদস্য ০১ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ৬. | জনাব মোঃ ফিরোজ মোল্যা | সদস্য ০২ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| 7. | জনাব মোঃ সেলিম হোসেন | সদস্য ০৩ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ৮. | জনাব মোঃ কামরুল ইসলাম | সদস্য ০৪ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ৯. | জনাব মোঃ জিয়াউর রহমান | সদস্য ০৫ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ১০. | জনাব নান্নু মিয়া | সদস্য ০৬ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ১১. | জনাব মোঃ দেলোয়ার হোসেন | সদস্য ০৭ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ১২. | জনাব মোঃ সামচুজ্জামান | সদস্য ০৮ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |
| ১৩. | জনাব তপন কুমার সরকার | সদস্য ০৯ নংওয়ার্ড | সদস্য | স্বাক্ষরিত |

সভাপতিত্ব করেনঃ জনাব মো: ইমরান হোসেন, চেয়ারম্যান, ঘোষপুর ইউনিয়ন পরিষদ, বোয়ালমারী, ফরিদপুর।

### আলোচ্য সূচীঃ

১। গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন প্রসঙ্গে।
২। ২০২৩-২০২৪ অর্থ বছরের ইউনিয়ন ক্রয় কমিটি গঠন সম্পর্কে ব্যপক আলোচনা।
৩। ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য মাতৃত্বভাতা জুলাই/২০২৩ মাসের মাতৃত্ব ভাতা সম্পর্কে ব্যপক . . . . . আলোচনা।
৪। ২০২৩-২০২৪ অর্থ বছরে পূর্বে দাখিলকৃত টিসিবি তালিকা যাচাই বাছাই সাপেক্ষে হাল নাগাত করন . . সম্পর্কে আলোচনা।
৫। জন্ম মৃত্যু নিবন্ধন নিয়ে আলোচনা।
৬। বিবিধ।

গাছ লাগান

পরিবেশ বাঁচান

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ১নং ঘোষপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়

ডাকঘর ঃ খামারপাড়া, উপজেলা ঃ বোয়ালমারী,জেলাঃ ফরিদপুর।

আলোচনা ও সিদ্ধান্তঃ

১। অদ্যকার সভার সভাপতি মহদোয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতি ক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং এর বিরুদ্ধে কোন প্রকার ওজর আপত্তি না থাকায় তা সর্ব সম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

২। সভায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে অবগত করার যে, এত্র ইউনিয়নের ইউপির ক্রয় কমিটি গঠন করা বিশেষ ভাবে প্রয়োজন। এ বিষয়ে সিদ্ধান্ত নিতে তিনি সকলকে অনুরোধ করেন। সভায় বিস্তারিত আলাপ-আলআচনার পর নিম্মরুপ ভাবে ক্রয় কমিটির কার্যক্রমের জন্য স্থীর সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে সমর্থনে গৃহীত হয়।

"২০২৩-২০২৪ অর্থ বছরে গঠনকৃত ক্রয় কমিটি নিম্মরুপ"

| ক্র: নং | নাম | পরিচয় | পদবী |
|---|---|---|---|
| ০১ | জনাব হোহাম্মদ ইমরান হোসেন | ইউপি চেয়ারম্যান | সভাপতি |
| ০২ | জনাব মোঃ সেলিম হোসেন | ইউপি সদস্য-০৩ | সদস্য |
| ০৩ | জনাব তপন কুমার সরকার | ইউপি সদস্য-০৯ | সদস্য |
| ০৪ | জনাব মোছাঃ আয়শা বেগম | ইউপি সদস্য-৭,৮,৯ | সদস্য |
| ০৫ | জনাব মোহাম্মাদ রিবুল হোসেন | ইউপি সচিব | সদস্য-সচিব |

৩। ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য মাতৃত্বভাতা জুলাই/২০২৩ মাসের জন্য উপকার ভোগী নির্বাচন করা প্রয়োজন। এই ব্যাপারে সভাপতি সাহেব বলেন প্রতি মাসের ন্যায় জুলাই/২০২৩ মাসে মাত্র আটি মাতৃত্ব ভাতা আমাদের ইউনিয়ন হতে তালিকা উপজেলায় অনুমোদনের জন্য দিতে পারব। তিনি উপস্থিত সকল সদস্যকে অবগত করেন যে, আপনারা প্রত্যেক ওয়ার্ড হতে দুঃস্থ ও অসহায় লোককে নির্বাচন করবেন এবং যে সমস্ত মহিলা জুলাই/২০২৩ মাসে গর্ভকাল চার মাস হতে ছয় মাস তাদের নির্বাচন করার জন্য অনুরোধ করেন তিনি আরও বলেন বয়সসীমা ২০ থেকে ৩৫ বছর পয়র্ন্ত হতে হবে, পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে গর্ভকালীন সেবা (ANC) কার্ড থাকতে হবে, এই ভাতা ১ম ও ২য় সন্তানের ক্ষেত্রে পাবে এবং শুধু মাত্র ঘোষপুর ইউপির জনগন এই সুবিধা বাবে চেয়ারম্যান সাহেব সবাইকে অবগত করেন যে, গত জুন/২৩ এবং জুলাই/২৩মাসে এখনও পর্যন্ত সফট্যায়ার অনরাইন আবেন ছাড়ে নাই তবে আমি অফিসে যোগাযোগ করেছি তারা বলেছেন এই মাসের শেষের দিকে আবেদন করার জন্য সফট্যায়ার উম্মুক্ত হবে তাই যাচাই বাচাই প্রক্রিয়া সম্পূন করে রাখতে হবে। এ ব্যাপারে সভায় ব্যাপক আলাপ আলোচনা করে সর্বসম্মতিক্রমে সিধান্ত গৃহিত হয়।

৪। সভাপতি সাহেব বলেন ২০২৩-২০২৪ অর্থ বছরে পূর্বে দাখিলকৃত টিসিবি তালিকা যাচাই বাছাই সাপেক্ষে হাল নাগাত করন অত্যান্ত জরুরী কারণ পূর্বের পরিষদ কিছু তালিকা করেছেন সেই সব জনগন টিসিবি পন্য নিতে আসে না এবং কিছু লোক মৃত্যু বরণ করেছেন এবং কিছু লোক অর্থনৈতিক ভাবে সচ্ছল হয়েছে এবং কিছু লোকের কার্ড হারিয়ে গিয়েছে এমতাবস্থায় সভাপতি সাহেব বলেন প্রকৃত পক্ষে সঠিক যাছাই বাছাই সাপেক্ষে নতুন কিছু তালিকা অর্ন্তভূক্ত করার জন্য সকলে অবগত করেন তবে কোন অচ্ছল লোককে যেন কোন ক্রমেই তালিকা হতে বাদ দেওয়া না হয়। এ সম্পর্কে সভায় ব্যাপক আলাপ আলোচনা করে সর্বসম্মতি ক্রমে সিধান্ত গৃহিত হয়।

৫। সভাপতি সাহেব বলেন যে, ০-৪৫ দিনের মধ্যে সকল নাগরিক কে বিনা ফিসে এমনকি সার্ভিস চার্জ বাদে জন্ম মৃত্যু নিবন্ধন করার জন্য অবগত করতে হবে যদি ০-৪৫দিনের মধ্যে জন্ম মৃত্যু নিবন্ধন না কওে সেক্ষেত্রে ৫০০০/- টাকা জরিমানা এবং এক বছরের জেলের বিধান রয়েছে এই কথা প্রতি ওয়ার্ড সদস্য ও গ্রাম পুলিশ স্ব স্ব ওয়ার্ডের জনগনকে বিভিন্ন ভাবে অবগত করবেন। তিনি আরও জানান যে, এর পরেও যদি কোন জনগন জন্ম মৃত্যু নিবন্ধন না করে তাহলে এক বছর পযর্ন্ত সুযোগ দেওয়া যেতে পারে এর পর আমি কিন্তু কঠোর হতে মাধ্য হবো। এ সম্পর্কে সভায় ব্যাপক আলাপ আলোচনা করে সর্বসম্মতি ক্রমে সিধান্ত গৃহিত হয়।

অতঃপর আর কোন আলাপ আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোহাম্মদ ইমরান হোসেন)
চেয়ারম্যান
১নং ঘোষপুর ইউনিয়ন পরিষদ,
বোয়ালমারী, ফরিদপুর।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইল ঃ
১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ,ফরিদপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালমারী,ফরিদপুর।
৩। জনাব সদস্য, **মাসিক সভা** কমিটি (সকল)।
৪। নোটিশ বোর্ড।
৫। অফিস নথি।

(মোহাম্মাদ রিবুল হোসেন)
সচিব
১নং ঘোষপুর ইউনিয়ন পরিষদ,
বোয়ালমারী, ফরিদপুর।